

প্রেস বিজ্ঞপ্তি

“আইএপিপি’র অর্থায়েনে ব্রি, বারি এবং বিএফআরআই কর্তৃক উদ্ভাবিত ফসল ও মৎস্যের
জাত এবং প্রযুক্তিসমূহ” শীর্ষক প্রকাশনার মোড়ক উন্মোচন;

ঢাকা, ১৩ ফাল্গুন, ১৪২২ বঃ; ২৫ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিঃ

মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে “আইএপিপি’র অর্থায়েনে ব্রি, বারি এবং বিএফআরআই কর্তৃক উদ্ভাবিত ফসল ও মৎস্যের জাত এবং প্রযুক্তিসমূহ” শীর্ষক প্রকাশনার মোড়ক উন্মোচন করেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব আনোয়ার ফারুক। এছাড়া উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর সমূহের/সংস্থার প্রধানসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, কৃষির (ফসল, মৎস্য ও প্রাণিসম্পদ) উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্প এলাকার উপযোগী লাগসই নতুন জাত ও প্রযুক্তি আইএপিপি’র টেকনোলজি জেনারেশন অংগঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (বিআরআরআই), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) উদ্ভাবন করেছে। যা টেকনোলজি প্রয়োগ অংগঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস)’র মৎস্য অধিদপ্তর (ডিওএফ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ)’র মাধ্যমে কৃষক পর্যায়ে বাস্তবায়িত হচ্ছে।

সূত্র মতে জুন’ ২০১৫ পর্যন্ত বিআরআরআই কর্তৃক ধানের ০৫ টি নতুন জাত ব্রি-ধান-৬১, ৬২, ৬৫, ৬৬ ও ৬৭ এবং ০৭ টি প্রযুক্তি; বিএআরআই কর্তৃক গমের ০৪ টি নতুন জাত বারি গম-২৭, ২৮, ২৯, ৩০ ও সরিষার নতুন জাত বারি সরিষা-১৭ এবং ০৯ টি প্রযুক্তি; বিএফআরআই কর্তৃক মাছের ০৬ টি ইমপ্রভড জেনারেশন BFRI GIRT F-4, F-5, F-6; BFRI Koi F-1, F-2; BFRI Pangus F-1 এবং ০৯ টি প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।

প্রকল্প পরিচালক সূত্রে জানা যায় যে, আইএপিপি’র অর্থায়েনে উদ্ভাবিত জাত ও প্রযুক্তিসমূহ বিবৃত করে আইএপিপি’র সুবিধাভোগী কৃষক, সাধারণ কৃষক, সম্প্রসারণ কর্মীরা এ বই থেকে উপকৃত হবে।

Rov 25/2/16

বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

কৃষিমন্ত্রণালয়,

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail: vivekroy07@yahoo.com